

## খোকসা-জানিপুর পাইলট উচ্চ বালিকা বিদ্যালয় ছাত্রী ভর্ত্তিকি ও উপবৃত্তির অর্থ আত্মসাৎসহ ফরম পূরণে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ

খোকসা (কুষ্টিয়া) থেকে সংবাদদাতা :  
খোকসা-জানিপুর পাইলট উচ্চ বালিকা  
বিদ্যালয়ের ছাত্রী ভর্ত্তিকি, উপবৃত্তির টাকা  
আত্মসাৎ, এসএসসি পরীক্ষার্থীদের কাছ  
থেকে অতিরিক্ত ফিস গ্রহণ, স্বজনপ্রীতি  
ও দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে।  
অন্যদিকে বিদ্যালয়ের প্রশাসনিক  
অবকাঠামো ভেঙে পড়ায় পাঁচ শতাধিক  
ছাত্রীর শিক্ষা গ্রহণ ব্যাহত হচ্ছে।

চলতি শিক্ষাবর্ষে ৬ষ্ঠ থেকে ১০ম  
শ্রেণীতে ৫শ' ৩৭ জন ছাত্রী অধ্যয়নরত  
রয়েছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা  
শামীমা আক্তার বানু, সহকারী শিক্ষক  
তমিজ উদ্দিন ও উপজেলা প্রকল্প  
অফিসার (শিক্ষা) কাজী এজাজ  
কায়সারের যোগসাজশে ৭শ' ১০ জন  
ছাত্রী অধ্যয়নরত দেখিয়ে ভর্ত্তিকির প্রায়  
৮৩ হাজার টাকা উত্তোলন করে  
সিংহভাগ টাকা আত্মসাৎ করে আসছেন।  
ওই শিক্ষিকা একই সময় ৬শ' ৯০ জন  
ছাত্রীর নামে উপবৃত্তির টাকা রূপালী  
ব্যাংক কুষ্টিয়া শাখা থেকে উত্তোলন  
করার যাতায়াত খরচ হিসেবে প্রতি  
ছাত্রীর কাছ থেকে ৫০ থেকে ২শ' টাকা  
পর্যন্ত কর্তন করে রাখেন। ছাত্রীরা এই  
অনিয়মের প্রতিবাদ জানালে প্রধান  
শিক্ষিকা তার স্থানীয় মস্তান বাহিনী দিয়ে  
আন্দোলন স্তিমিত করে দেয়। একই

পন্থায় ১শ' ৪০ জন পরীক্ষার্থীর নামে  
২৬ হাজার ৬শ' ৭০ টাকা উত্তোলন করা  
হয়। অথচ ২০ জন ছাত্রীর মধ্যে নামমাত্র  
টাকা প্রদান করেছে বলে অভিযোগ  
উঠেছে। বিদ্যালয়ে নবম শ্রেণীর  
অধ্যয়নরত একাধিক বিবাহিতা ছাত্রীর  
নামে বিধি বহির্ভূতভাবে উপবৃত্তির টাকা  
তোলা হয়েছে।

চলতি ২০০২-২০০৩ শিক্ষা বর্ষের  
এসএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণের  
ক্ষেত্রে বোর্ড কর্তৃক নির্ধারিত টাকার প্রায়  
৩ গুণ বেশি অর্থ আদায় করা হয়েছে।  
বিজ্ঞান বিভাগের ছাত্রীদের জন্য বোর্ড ও  
কেন্দ্র ফিস বাবদ ৬শ' ১০ টাকার স্থলে  
১ হাজার ২শ' ১০ টাকা, মানবিক  
বিভাগে ৫শ' ৭০ টাকার স্থলে ১ হাজার  
১শ' ১৫ টাকা আদায় করা হয়েছে।  
এছাড়া এক বিষয়ে অকৃতকার্যদের ২শ'  
টাকার স্থলে ৪শ' টাকা এবং কোচিং  
ফিসের নামে বিনা রসিদে ২শ' টাকা  
করে প্রায় অর্ধ লক্ষাধিক টাকা আদায়  
হয়েছে। প্রধান শিক্ষিকা শামীমা আক্তার  
বানু দায়িত্ব গ্রহণের পর বিদ্যালয়ে  
শিক্ষক-শিক্ষিকা নিয়োগের ক্ষেত্রে দুর্নীতি  
করা ছাড়াও শিক্ষকদের কাছ থেকে  
নানাভাবে অর্থ আদায় করে আসছেন  
বলে অভিযোগ রয়েছে।